আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট বিনিয়োগ নীতিমালা-২০২৫

সূচিপত্র

অধ্যায়	বিষয়	পৃষ্ঠা নং
প্রথম অধ্যায়	**প্রারম্ভিক**	২-৩
দ্বিতীয় অধ্যায়	আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড	৪
	পটভূমি	৪
	উদ্দেশ্য	৪
	কার্যাবলী	৪
	সেবাসমূহ	৪
তৃতীয় অধ্যায়	**লক্ষ্য ও উদ্দেশ্য**	৫
চতুর্থ অধ্যায়	**নীতিমালার পরিধি, বিনিয়োগ/অর্থায়নের ভিত্তি, পোর্টফোলিও গঠন ও সম্পদ বরাদ্দ এবং বিনিয়োগের সীমাবদ্ধতা**	৬-৭
	নীতিমালার পরিধি	৬
	বিনিয়োগ/অর্থায়নের ভিত্তি	৬
	পোর্টফোলিও গঠন ও সম্পদ বরাদ্দ	৬
	বিনিয়োগের সীমাবদ্ধতা	৭
পঞ্চম অধ্যায়	**ইনভেস্টমেন্ট কমিটি, সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় টিম ও রিসার্চ টিম**	৮-৯
	ইনভেস্টমেন্ট কমিটি	৮
	সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় টিম	৮
	রিসার্চ টিম	৯
	স্বার্থের দ্বন্দ্ব	৯
ষষ্ঠ অধ্যায়	**বিনিয়োগ ও বিনিয়োগ প্রত্যাহার**	১০-১২
	প্রাইমারি মার্কেটে বিনিয়োগ	১০
	সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগ	১০
	মৌলিক বিশ্লেষণ	১০
	টেকনিক্যাল বিশ্লেষণ	১১
	শেয়ার ক্রয়	১২
	শেয়ার বিক্রয়	১২
সপ্তম অধ্যায়	**বিবিধ**	১৩
	পর্যালোচনা ও হালনাগাদকরণ	১৩
	তথ্যের গোপনীয়তা	১৩
	শৃঙ্খলা/শাস্তিমূলক ব্যবস্থা	১৩
	রহিতকরণ ও হেফাজত	১৩

প্রথম অধ্যায়

প্রারম্ভিক (Introduction)

১.১ সংক্ষিপ্ত শিরোনাম ও কার্যকরের তারিখ (Short title and date of effectiveness):

১.১.১ এ নীতিমালা "আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড বিনিয়োগ নীতিমালা-২০২৫" নামে অভিহিত হবে।

১.১.২ এ নীতিমালা প্রশাসনিক পরিপত্রের মাধ্যমে কোম্পানি কর্তৃক জারির তারিখ হতে কার্যকর হবে।

১.২. গুরুত্বপূর্ণ সংজ্ঞা (Definitions):

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকলে এই নীতিমালায়-

১.২.১ **"আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল)"** বলতে দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) বলে গঠিত মিউচ্যুয়াল ফান্ড কার্যক্রম পরিচালনার জন্য গঠিত অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি।

১.২.২ **"কমিশন"** বলতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অ্যাক্ট, ১৯৯৩ (১৯৯৩ সালের ১৫ নং আইন) এর অধীন গঠিত বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনকে বুঝাবে;

১.২.৩ **''স্টক এক্সচেঞ্জ''** অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮নং আইন) এর অধীনে নিগমিত শেয়ার দ্বারা সীমিত দায় পাবলিক লিমিটেড কোম্পানি, যা সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের জন্য একটি বাজার অথবা সিকিউরিটিজের ক্রেতা-বিক্রেতাদের কার্যক্রম পরিচালনায় সুবিধা প্রদান করে অথবা প্রয়োজনীয় সুবিধাদিসহ এমন একটি প্রতিষ্ঠান, যা সাধারণভাবে একটি এক্সচেঞ্জ এর সর্বপ্রকার কার্যক্রম পরিচালনা করে। এক্ষেত্রে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ (সিএসই) এবং সময়ে সময়ে কমিশন কর্তৃক রেজিস্ট্রেশন সনদ প্রাপ্ত অন্য কোন স্টক এক্সচেঞ্জকে বুঝাবে;

১.২.৪ **"পুঁজিবাজার"** বলতে এমন একটি সিস্টেমকে বুঝাবে যার মাধ্যমে বিভিন্ন কোম্পানির শেয়ার, বন্ড ও মিউচ্যুয়াল ফান্ড ইত্যাদি লেনদেন হয়ে থাকে;

১.২.৫ **"প্রাথমিক গণপ্রস্তাব (IPO)"** বলতে পুঁজিবাজার থেকে মূলধন সংগ্রহ করার উদ্দেশ্যে কোন কোম্পানির শেয়ার প্রাথমিকভাবে অভিহিতমূল্যে অথবা প্রিমিয়ামসহ সাধারণ ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের নিকট বিক্রয় করার প্রক্রিয়াকে বুঝাবে;

১.২.৬ **"কোম্পানি"** অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন) অনুযায়ী গঠিত এবং দি রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস এ নিবন্ধিত কোন যৌথমূলধনী কোম্পানিকে বুঝাবে;

১.২.৭ **"ক্রেডিট রেটিং কোম্পানি"** বলতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক প্রণীত **Credit Rating Companies Rules, 1996** অনুযায়ী an investment adviser company which intends to engage in or is so engaged primarily in the business of evaluation of credit or investment risk through a recognized and formal process of assigning rating to present or proposed loan obligations or equity of any business enterprise;

১.২.৮ **"ইক্যুইটি সিকিউরিটিজ"** বলতে কোন স্টক বা হস্তান্তরযোগ্য শেয়ার (প্রেফারড্ বা কমন), মালিকানার প্রতিনিধিত্বস্বরূপ/ভোটাধিকার সমৃদ্ধ অনুরূপ সিকিউরিটি, বিনিময়সহ/বিনিময় বিহীন কোন কনভার্টেবল সিকিউরিটি, ওয়ারেন্ট বা রাইট শেয়ার ইত্যাদি বুঝাবে;

১.২.৯ **"বিনিয়োগ"** বলতে বর্তমানের উপার্জনকৃত/সঞ্চিত অর্থ অথবা পুঁজি ভবিষ্যতের বৃহত্তর ক্রয়ক্ষমতা অর্জনের প্রয়াসে লগ্নি করা অর্থকে বুঝাবে;

১.২.১০ **"রিলেটেড পার্টি"** বলতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পাবলিক ইস্যু রুলস্ ২০১৫ অনুযায়ী বাংলাদেশ অ্যাকাউন্টিং স্ট্যান্ডার্ড (বিএএস)-২৪ এর আলোকে পারস্পরিক সম্পর্কযুক্ত/স্বার্থ সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা পক্ষ (দের) কে বুঝাবে;

১.২.১১ **''মিউচ্যুয়াল ফান্ড''** অর্থ ট্রাস্ট আকারে গঠিত এমন কোন ফান্ড যার উদ্দেশ্য বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ অনুসারে অর্থ বাজার ইনস্ট্রুমেন্টে বিনিয়োগের জন্য এক বা একাধিক স্কীমের অধীন জনসাধারণের নিকট ইউনিট বিক্রয়ের মাধ্যমে সংগৃহীত অর্থ;

১.২.১২ **"সম্পদ ব্যবস্থাপক (Asset Manager)"** অর্থ মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনা এবং প্রাতিষ্ঠানিক মক্কেলের ফান্ড ব্যবস্থাপনা ও পরিচালনার উদ্দেশ্যে বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অধীন কমিশন কর্তৃক নিবন্ধিত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানি, সংবিধিবদ্ধ সংস্থা বা কোন কোম্পানি, যা কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত;

১.২.১৩ **"প্রাইমারি মার্কেট"** বলতে এমন একটা মার্কেটকে বুঝাবে যার মাধ্যমে প্রাথমিক গণ প্রস্তাব বা আইপিওর মাধ্যমে কোন কোম্পানি সরাসরি বিনিয়োগকারীর নিকট হতে মূলধন সংগ্রহ করে;

১.২.১৪ **"সেকেন্ডারি মার্কেট"** বলতে এমন একটি মার্কেটকে বুঝাবে যার মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানিসমূহের সিকিউরিটিসমূহ লেনদেন হয়ে থাকে;

১.২.১৫ **"কোয়ালিফাইড ইনভেস্টর অফার (Qualified Investor Offer) বা QIO""** বলতে Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Company)Rules, 2022 এ QIO এর যে সংজ্ঞা প্রদান করা হয়েছে, সে সংজ্ঞা প্রযোজ্য হবে;

১.২.১৬ **"Stock Cycle"** বলতে Richard Wyckoff এর ডেভেলপকৃত Accumulation, Markup, Distribution, Markdown এই চারটি ফেজ এর সমন্বয়ে গঠিত দীর্ঘ মেয়াদি Cycle বুঝাবে।

দ্বিতীয় অধ্যায়

আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড

২.১ পটভূমি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) পুনর্গঠন কার্যক্রমের অংশ হিসেবে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে সূচিত ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (সিএমডিপি) এর অধীনে এবং দি ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (সংশোধন) আইন, ২০০০ (২০০০ সালের ২৪ নং আইন) এ প্রদত্ত ক্ষমতাবলে মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনার উদ্দেশ্যে আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল) গঠন করা হয়। সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ এর অধীনে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক ১৪ অক্টোবর ২০০১ তারিখে কোম্পানিটি নিবন্ধিত হয়ে ০১ জুলাই ২০০২ তারিখ থেকে ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ আইন-২০১৪, কোম্পানি আইন-১৯৯৪, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর বিধি-বিধান ও নীতিমালা দ্বারা কোম্পানি পরিচালিত হচ্ছে। আইএএমসিএল দেশের বৃহত্তম এবং দ্রুত সম্প্রসারণশীল সম্পদ ব্যবস্থাপক কোম্পানি হিসেবে ইতোমধ্যে নিজেকে প্রতিষ্ঠিত করেছে এবং দেশের মিউচ্যুয়াল ফান্ড শিল্পকে সক্রিয় করতে সক্ষম হয়েছে এবং এটি ১০ টি মেয়াদি ও ১৫ টি বে-মেয়াদি মিউচ্যুয়াল ফান্ড বাজারজাত করেছে।

২.২: উদ্দেশ্য:

০১. বিনিয়োগের সবচেয়ে জনপ্রিয় মাধ্যম হিসেবে মিউচ্যুয়াল ফান্ড শিল্প উন্নয়নের ক্ষেত্রে উৎসাহব্যঞ্জক এবং কার্যকর ভূমিকা পালন করা;

০২. গ্রাহককেন্দ্রিক উদ্ভাবনী পণ্য সরবরাহের মাধ্যমে কৌশলগত সম্পদ ব্যবস্থাপকের দায়িত্ব পালন করা;

০৩. স্বচ্ছ, নৈতিক এবং পেশাদার আচরণ ও মান বজায় রেখে সর্বোত্তম গ্রাহক সেবা প্রদান করা এবং পোর্টফোলিও ব্যবস্থাপনায় যুগোপযোগী কৌশল গ্রহণের মাধ্যমে টেকসই প্রবৃদ্ধি অর্জন করা;

২.৩: কার্যাবলী:

০১. মেয়াদী ও বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড বাজারজাতকরণ ও ব্যবস্থাপনা;

০২. দেশের মিউচ্যুয়াল ফান্ড শিল্প তথা পুঁজিবাজার উন্নয়নে ভূমিকা রাখা;

০৩. বিনিয়োগ ব্যবস্থাপনা।

২.৪ সেবাসমূহ:

০১. নিরাপদ বিনিয়োগ সুবিধা এবং ঝুঁকি সমন্বিত নিয়মিত লভ্যাংশ প্রদান;

০২. অটো ডেবিট প্রক্রিয়ায় সিস্টেমেটিক ইনভেস্টমেন্ট প্ল্যান (এসআইপি) এর সুবিধা;

০৩. ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ পরিকল্পনা (সিআইপি) এর সুবিধা;

০৪. এসএমএস এর মাধ্যমে ইউনিট সার্টিফিকেট ইস্যু ও বিতরণ, লভ্যাংশ প্রদান, এসআইপি-এর কর্তনসহ বিভিন্ন তথ্যাদি বিনিয়োগকারীগণকে অবহিতকরণ;

০৫. ত্রৈমাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট ফান্ডের পোর্টফোলিও, বিনিয়োগকারীগণের চাহিদা অনুযায়ী লেজার স্টেটমেন্ট, বাৎসরিক আয়কর সার্টিফিকেট, বিনিয়োগ সার্টিফিকেট প্রভৃতি ই-মেইলের মাধ্যমে প্রদান;

০৬. বিভিন্ন ধরণ ও বৈশিষ্ট্যের মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগের সুযোগ;

০৭. বিক্রয় প্রতিনিধির মাধ্যমে সেবা প্রদান;

০৮. শরীয়াহ্ ভিত্তিক এবং পেনশন হোল্ডারগণের বিনিয়োগ সুবিধা;

০৯. Web portal/App এর মাধ্যমে লেনদেন সম্পাদন।

তৃতীয় অধ্যায়

লক্ষ্য ও উদ্দেশ্য

৩.১.লক্ষ্য (Goals):

বিনিয়োগ সংশ্লিষ্ট সঠিক সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে মিউচ্যুয়াল ফান্ড ও কোম্পানির পোর্টফোলিও ব্যবস্থাপনায় ঝুঁকি হ্রাস করে পোর্টফোলিওর ধারাবাহিক আয় নিশ্চিত তথা উৎকর্ষতা সাধন করা।

৩.২. উদ্দেশ্য (Objectives):

সম্ভাবনাময় সিকিউরিটিজ-এ বিনিয়োগ কোম্পানির অন্যতম গুরুত্বপূর্ণ কার্যক্রম। অর্থায়নের বিভিন্ন পর্যায়ে সম্ভাব্য ঝুঁকির সৃষ্টি হয়। যথাযথ খাত ও সিকিউরিটিজ নির্বাচন অনেকাংশে সম্ভাব্য ঝুঁকি হ্রাসের কৌশল হিসেবে কাজ করে। কাজেই এ নীতিমালার মূল উদ্দেশ্য হচ্ছে যথাযথ খাত ও সিকিউরিটিজ নির্বাচনের মাধ্যমে কোম্পানির সম্ভাব্য ঝুঁকি হ্রাস করা। এছাড়া কোম্পানির বিনিয়োগযোগ্য, বিনিয়োগতব্য ও বিনিয়োগকৃত সম্পদের কার্যকর সঠিক মূল্যায়ন, নিবিড় পর্যবেক্ষণ ও তত্ত্বাবধানের কাজে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা। এ নীতিমালা সিকিউরিটিজ মার্কেট সম্পর্কিত প্রাসঙ্গিক বিভিন্ন আইন, বিধি-বিধান, প্রবিধানমালা, গাইডলাইনস্, অর্ডার, নোটিফিকেশনস্ এর ধারা/উপ-ধারাগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ এবং এটিতে আনুষ্ঠানিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ বর্ণিত হয়েছে:

(০১) বিনিয়োগের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা প্রদান;

(০২) সিকিউরিটিজ মার্কেট সম্পর্কিত বিভিন্ন আইন, বিধি-বিধান, প্রবিধানমালা, গাইডলাইনস্, অর্ডার, নোটিফিকেশনস্ এর ধারা/উপ-ধারার আলোকে এতদ্সঙ্গে সম্পৃক্ত বিভিন্ন বিষয়বস্তু, কার্যক্রম বা পক্ষের সংজ্ঞায়ন;

(০৩) বিনিয়োগের জন্য যথাযথ খাত নির্ধারণ ও সুযোগ চিহ্নিতকরণ;

(০৪) চিহ্নিত খাতসমূহে সংগঠিত বিনিয়োগ প্রক্রিয়া নির্ধারণ;

(০৫) বিনিয়োগের রিটার্ন মূল্যায়নের জন্য মানদন্ডের ভিত্তি নির্ধারণ;

(০৬) বিনিয়োগ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য কর্মচারিগণের মধ্যে দায়িত্ব অর্পণ ও দিক নির্দেশনা প্রদান;

(০৭) খাত ভিত্তিক সম্পদ শ্রেণিকরণ, বিনিয়োগ ব্যবস্থাপনার পদ্ধতি নির্ধারণ, সম্পদ বরাদ্দকরণ, ঝুঁকিসহনশীলতা, সামষ্টিক দীর্ঘমেয়াদি বিনিয়োগ রিটার্ন ইত্যাদি সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা স্থাপন;

(০৮) বিনিয়োগ নীতিমালায় উল্লিখিত নির্দেশনা ও সীমাবদ্ধতাসমূহ সম্পর্কে সকল পক্ষকে ধারণা প্রদান।

চতুর্থ অধ্যায়

নীতিমালার পরিধি, বিনিয়োগ/অর্থায়নের ভিত্তি, পোর্টফোলিও গঠন ও সম্পদ বরাদ্দ এবং বিনিয়োগের সীমাবদ্ধতা

৪.১. নীতিমালার পরিধি (Scope of the Policy)

আলোচ্য নীতিমালা আইএএমসিএল এর নিজস্ব ও ইহার ব্যবস্থাপনায় পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডসমূহের তহবিল বিনিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য হবে:

(ক) পুঁজিবাজার সিকিউরিটিজ: ইক্যুইটি, মিউচ্যুয়াল ফান্ড, কর্পোরেট ও ট্রেজারি বন্ড, এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড বা ETF, রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট (REIT)।

(খ) অর্থবাজার সিকিউরিটিজ: ট্রেজারি বিল, এফডিআর।

৪.২. বিনিয়োগ/অর্থায়নের ভিত্তি (Base of Investment/Financing):

(০১) আইএএমসিএল এর ভিশন ও মিশন অনুযায়ী বিনিয়োগ কার্যক্রম পরিচালনা করা;

(০২) বিনিয়োগযোগ্য তহবিলের পুরোটাই একই খাতে বিনিয়োগ নয়, পোর্টফোলিওর সামগ্রিক বৈচিত্র্য (overall diversification) বজায় রাখা;

(০৩) সিকিউরিটিজ বাজারে বিনিয়োগ অপেক্ষাকৃত দীর্ঘমেয়াদি বিধায় প্রয়োজনীয় তারল্য নিশ্চিত করা;

(০৪) বিনিয়োগ মানে নিশ্চিত লাভ-এই ধারণায় বিনিয়োগ নয়। প্রতিটি বিনিয়োগে ক্ষতির ঝুঁকি রয়েছে অর্থাৎ সম্ভাব্য ঝুঁকিসমূহ (Potential risks)বিশ্লেষণ করে বিনিয়োগ করা;

(০৫) সকল ধরনের বিনিয়োগ/অর্থায়নের ক্ষেত্রে কোম্পানি/সিকিউরিটিজ সম্পর্কে সম্যক ধারণা অর্জন যথা: উদ্যোক্তা পরিচালক ও ব্যবস্থাপনা, অভিজ্ঞতা, আর্থিক সক্ষমতা, লাভজনকতা, পণ্য/সেবা সম্পর্কে ধারণা, গ্রাহক দৃষ্টিভঙ্গি, সরকারি নীতি, ভবিষ্যত সম্ভাবনা ইত্যাদি;

(০৬) প্রাসঙ্গিক সকল আইন, বিধি-বিধান, প্রবিধানমালা, গাইডলাইনস্, অর্ডার, নোটিফিকেশন, সিকিউরিটিজ ও একচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, আইসিবি ও আইএএমসিএল এর নিজস্ব নীতিমালা দৃঢ়ভাবে মেনে চলা।

৪.৩ পোর্টফোলিও গঠন ও সম্পদ বরাদ্দ (Portfolio Composition and Asset Allocation):

পোর্টফোলিও গঠনে যে সকল সিকিউরিটিজ বিবেচিত হইবেঃ

(ক) পুঁজিবাজার সিকিউরিটিজ: ইক্যুইটি, মিউচ্যুয়াল ফান্ড, কর্পোরেট ও ট্রেজারি বন্ড, এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড বা ETF, রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট (REIT)।

(খ) অর্থবাজার সিকিউরিটিজ: ট্রেজারি বিল, এফডিআর।

কোম্পানি এবং কোম্পানির ব্যবস্থাপনায় পরিচালিত সাধারণ মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিওতে শেয়ার বাজারের অনিয়ন্ত্রিত হ্রাস বৃদ্ধির প্রভাব প্রশমনে মার্কেট পিই এর বিভিন্ন পর্যায়ে পোর্টফোলিওর বিনিয়োগ নিম্নোক্তভাবে পুনর্বিন্যাস করতে হবে:

(০১) মার্কেট পিই ১৫ এর নিচে থাকলে ইক্যুইটি সিকিউরিটিজে বিনিয়োগ মোট পোর্টফোলিও বিনিয়োগের ৬০ ভাগের উপরে উন্নীত করার প্রচেষ্টা করতে হবে;

(০২) মার্কেট পিই ১৫ হতে ২০ এর মধ্যে থাকলে ইক্যুইটি ও ফিক্সড ইনকাম সিকিউরিটিজে বিনিয়োগে সমতা (৫০:৫০) আনার প্রচেষ্টা করতে হবে;

(০৩) মার্কেট পিই ২০ অতিক্রম করলে পরবর্তী ৩০ কার্যদিবসের মধ্যে ইক্যুইটি সিকিউরিটিজে বিনিয়োগ মোট পোর্টফোলিও বিনিয়োগের ৪০ ভাগের নিচে নামিয়ে আনতে হবে;

(০৪) মার্কেট পিই ২৫ অতিক্রম করলে পরবর্তী ১০ কার্যদিবসের মধ্যে ইক্যুইটি সিকিউরিটিজে বিনিয়োগ মোট পোর্টফোলিও বিনিয়োগের ২৫ ভাগের নিচে নামিয়ে আনতে হবে;

(০৫) ইক্যুইটিতে বিনিয়োগ হ্রাস করলে বিক্রয়লব্ধ অর্থ মিউচ্যুয়াল ফান্ড বিধিমালা পরিপালন সাপেক্ষে কর্পোরেট ও ট্রেজারি বন্ড, বিল এবং এফডিআরে বিনিয়োগ করতে হবে। ইক্যুইটিতে বিনিয়োগের প্রয়োজনে উক্ত বিনিয়োগ (কর্পোরেট ও ট্রেজারি বন্ড, বিল এবং এফডিআর) প্রত্যাহার করে ইক্যুইটিতে বিনিয়োগ করতে হবে।

তবে, ইসলামিক ও অন্যান্য বিশেষায়িত মিউচ্যুয়াল ফান্ড এর ক্ষেত্রে উক্ত পুনর্বিন্যাস প্রযোজ্য হবে না।

৪.৪ বিনিয়োগের সীমাবদ্ধতা (Investment Limitations):

(ক) মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিও ব্যবস্থাপনায় ইনভেস্টমেন্ট কমিটি সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা-২০০১ এর পঞ্চম তফসিলে উল্লেখিত বিনিয়োগে বাধা-নিষেধ অনুসরণ করবেন:

(০১) মিউচ্যুয়াল ফান্ড কোন উদ্দেশ্যে কোন মেয়াদী ঋণ বা অগ্রিম প্রদান করিবে না।

(০২) মিউচ্যুয়াল ফান্ডের কোন একক স্কীমের মোট সম্পদের শতকরা দশ ভাগের বেশী কোন এক কোম্পানির শেয়ারে বিনিয়োগ করা যাইবে না।

(০৩) কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন কোম্পানির পরিশোধিত মূলধনের শতকরা পনের ভাগের বেশি বিনিয়োগ করিবে না।

(০৪) কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন একক কোম্পানির বা গ্রুপের শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে মোট শতকরা বিশ ভাগের বেশি বিনিয়োগ করিবে না।

(০৫) কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন একক শিল্পে শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে মোট সম্পদের শতকরা পঁচিশ ভাগের বেশি বিনিয়োগ করিবে না, তবে শর্ত থাকে যে, যে স্কীম এক বা একাধিক শিল্পে বিনিয়োগ করার উদ্দেশ্যে গঠন করা হইয়াছে, তাহার ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না যদি এই মর্মে একটি ঘোষণা প্রসপেক্টাসে দেওয়া হইয়া থাকে।

(০৬) কোন মিউচ্যুয়াল ফান্ড এক স্কীম হইতে অন্য স্কীমে বিনিয়োগ স্থানান্তর করিতে পারিবে, যদি-

(ক) তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে এইরূপ স্থানান্তর প্রচলিত বাজারমূল্যে স্পট ভিত্তিক করা হইয়া থাকে;

(খ) এইভাবে স্থানান্তরিত সিকিউরিটিজ যে স্কীমে স্থানান্তর করা হইয়াছে সে স্কীমের বিনিয়োগ উদ্দেশ্যের সহিত সামঞ্জস্য পূর্ণ হয়।

(০৭) একই সম্পদ ব্যবস্থাপকের এক স্কীম অন্যস্কীমে বিনিয়োগ করা অথবা ধার দেওয়া যাইবে না। কোন মিউচ্যুয়াল ফান্ডকে বিনিয়োগ করিবার জন্য তহবিল ধার করিতে অনুমতি দেওয়া হইবে না।

(খ) জেড ক্যাটাগরিভুক্ত ইন্সট্রুমেন্ট এ বিনিয়োগ (Investment in Z Category Instrument):

কোম্পানি "জেড" ক্যাটাগরিভুক্ত ইন্সট্রুমেন্ট এ বিনিয়োগ হতে বিরত থাকবে। তবে, পূর্বের ক্রয়কৃত কোন সিকিউরিটিজ জেড ক্যাটাগরিতে স্থানান্তরিত হলে বিনিয়োগ প্রত্যাহার কৌশল হিসেবে সম্ভাবনাময় সিকিউরিটিজসমূহের গড় ক্রয়মূল্য কমিয়ে আনার লক্ষ্যে প্রয়োজনে জেড ক্যাটাগরিভুক্ত ইন্সট্রুমেন্টে বিনিয়োগ করা যেতে পারে। সামগ্রিক ও বাজার পরিস্থিতি বিবেচনায়, যদি বিনিয়োগ ফেরত পাওয়ার কোন সম্ভাবনা না থাকে সেক্ষেত্রে বিনিয়োগ প্রত্যাহার করতে হবে। এক্ষেত্রে মূলধন ঘাটতি খুব বেশি (৫০%) হলে বোর্ডের অনুমোদন নিতে হবে।

(গ) ব্যবসা পরিচালনা সংক্রান্ত তথ্যের অপর্যাপ্ততা (Inadequate information regarding business operation):

যে সকল কোম্পানির মূল ব্যবসায়িক কার্যক্রম (Core business operation) সংক্রান্ত পর্যাপ্ত তথ্য পাওয়া যায় না বা ব্যবসায়িক কার্যক্রম চলমান আছে কিনা সে বিষয়ে সুনির্দিষ্ট তথ্য নেই, সে সকল কোম্পানির সিকিউরিটিজে বিনিয়োগ করা যাবে না।

(ঘ) মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগ (Investment in Mutual Fund)

মিউচ্যুয়াল ফান্ডে (ওপেন এন্ড/ক্লোজড্ এন্ড) বিনিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয় বিবেচনায় নিতে হবে।

(০১) ওপেন এন্ড ফান্ডের বাজারমূল্যে NAV অভিহিত মূল্যের অধিক হতে হবে;

(০২) পূর্ববর্তী ৩ বছর বর্ধিত হারে লভ্যাংশ বিতরণ করতে হবে তবে কোন বছরই তা ৫% এর চেয়ে কম থাকা চলবে না;

(০৩) নতুন ফান্ডের ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপক কোম্পানির পরিচালক ও কর্মকর্তাগণের ফান্ড পরিচালনার অভিজ্ঞতা, স্পন্সরগণের প্রোফাইল, সুনাম ইত্যাদি বিবেচনা করতে হবে;

(০৪) একক কোন ফান্ডের সংগৃহীত ফান্ড সাইজের ৫% এর অধিক বিনিয়োগ করা যাবে না।

(ঙ) Debt Securities এ বিনিয়োগ:

(০১) ইস্যুয়ার কোম্পানির ঝুঁকি বিবেচনায় নিতে হবে;

(০২) Perputual Nature এর সিকিউরিটিজে বিনিয়োগ করা যাবে না।

(চ) মিউচ্যুয়াল ফান্ড ও কর্পোরেট বন্ড এর প্লেসমেন্টে বিনিয়োগের ক্ষেত্রে পরিচালনা বোর্ডের পূর্বানুমোদন নিতে হবে।

পঞ্চম অধ্যায়

ইনভেস্টমেন্ট কমিটি, সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় টিম ও রিসার্চ টিম

(Investment Committee, Securities Buy-Sell Team & Research Team)

৫.১ ইনভেস্টমেন্ট কমিটি:

(ক) গঠন:

কোম্পানি ও কোম্পানির ব্যবস্থাপনাধীনে পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডসমূহের বিনিয়োগ ব্যবস্থাপনার নিমিত্ত একটি **ইনভেস্টমেন্ট** কমিটি থাকবে। আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড (আইএএমসিএল) এর **"ইনভেস্টমেন্ট কমিটি"** নিম্নরূপে গঠিত হবে:

(০১) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, অ্যাডমিন

(০২) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, অপারেশনস্

(০৩) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, পোর্টফোলিও ম্যানেজমেন্ট ডিভিশন

(০৪) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

(০৫) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, ফান্ড অপারেশনস্ ডিভিশন

(০৬) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, ফিন্যান্স ডিভিশন

(০৭) জ্যেষ্ঠতম কর্মকর্তা, সিকিউরিটিজ অ্যানালাইসিস ডিপার্টমেন্ট

কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতি ও জ্যেষ্ঠতম কর্মকর্তা, সিকিউরিটিজ অ্যানালাইসিস ডিপার্টমেন্ট সদস্য সচিব এর দায়িত্ব পালন করিবে।

(খ) সভা:

(০১) প্রতি ট্রেডিং দিবসে কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত সময় ও স্থানে কমিটির সভা অনুষ্ঠিত হবে।

(০২) অত্র বিনিয়োগ নীতিমালা অনুযায়ী কমিটির সভা অনুষ্ঠানের ক্ষেত্রে নূন্যতম ০৪(চার) জন সদস্যের উপস্থিতি আবশ্যক হবে। সভাপতির অনুপস্থিতিতে সভায় উপস্থিত কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতি এবং সদস্য সচিবের অনুপস্থিতিতে সভায় উপস্থিত কমিটির কনিষ্ঠতম সদস্য সভার সাচিবিক দায়িত্ব পালন করবেন।

(গ) কার্যপরিধি:

কমিটি অত্র বিনিয়োগ নীতিমালা ও মিউচ্যুয়াল ফান্ড বিধিমালা অনুযায়ী কোম্পানির ব্যবস্থাপনায় পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিওতে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়, আইপিও/কিউআইও ও রাইটস শেয়ার, আরপিও এ বিনিয়োগের সুপারিশ করবে। পুঁজিবাজার পরিস্থিতি, তহবিলের পর্যাপ্ততা/প্রয়োজনীয়তা, পোর্টফোলিওতে ধারণকৃত সিকিউরিটিজের অবস্থা, সিকিউরিটিজের বিনিয়োগ যোগ্যতাসহ বিভিন্ন বিশ্লেষণ ও সার্বিক বিষয় বিবেচনা করে ইনভেস্টমেন্ট কমিটি সময়ে সময়ে যথোপযুক্ত বিনিয়োগ কৌশল নির্ধারণ করবেন। কমিটি অত্র বিনিয়োগ নীতিমালা অনুযায়ী কোম্পানির নিজস্ব পত্রকোষের পাশাপাশি অন্যান্য ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক পত্রকোষে বিনিয়োগর সুপারিশ প্রদান করবে। তবে এফডিআর এ বিনিয়োগের ক্ষেত্রে কমিটি শুধুমাত্র তহবিল বরাদ্দের সুপারিশ করবে।

৫.২ সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় টিম:

(ক) গঠন:

পুঁজিবাজার উন্নয়নে কোম্পানির নিজস্ব ও এর ব্যবস্থাপনাধীনে পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিওতে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে "সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় টিম" গঠিত হবে:

(খ) কার্যপরিধি:

(০১) পোর্টফোলিও ব্যবস্থাপনা সংক্রান্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণের নিমিত্ত টিমের সদস্যগণ মতবিনিময়, তথ্যের আদান-প্রদান, বিদ্যমান পোর্টফোলিওর অবস্থান, সিকিউরিটিজ এনালাইসিস রিপোর্ট ও বাজার বিশ্লেষণপূর্বক আবশ্যিকভাবে দৈনন্দিন ভিত্তিতে ইনভেস্টমেন্ট কমিটির সাথে পরামর্শক্রমে সিকিউরিটিজ ট্রেডিং কার্যক্রম পরিচালনা করবে;

(০২) সপ্তাহের প্রথম কার্যদিবসে অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট কর্তৃক সরবরাহকৃত ফান্ডের অবস্থান পর্যালোচনা করে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কার্যক্রম পরিচালনা করবে এবং ফান্ডসমূহের আয় ও NAV বৃদ্ধিতে সচেষ্ট থাকবে।

৫.৩ রিসার্চ টিম:

(ক) গঠন:

পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত গবেষণার জন্য ন্যূনতম ৪ (চার) সদস্য বিশিষ্ট একটি রিসার্চ টিম থাকবে। সিকিউরিটিজ এনালাইসিস ডিভিশন প্রধান রিসার্চ টিমের প্রধান হবেন এবং ৫ম হতে ৯ম গ্রেডের কর্মকর্তাগণের সমন্বয়ে রিসার্চ টিম গঠিত হবে। প্রশাসনিক পরিপত্র জারির মাধ্যমে রিসার্চ টিম গঠিত ও সময়ে সময়ে পরিবর্তিত হবে। এছাড়া, রিসার্চ টিম প্রয়োজনে সংশ্লিষ্ট যে কোন বিষয়ে বিশেষজ্ঞ সহায়তা গ্রহণ করতে পারবে।

(খ) কার্যপরিধি:

(০১) রিসার্চ টিম পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সহায়তার নিমিত্ত বৈশ্বিক ও অভ্যন্তরীণ অর্থনৈতিক/রাজনৈতিক পরিস্থিতি ও নীতি নিয়ে গবেষণা সম্পাদন করবে;

(০২) বিভিন্ন সেক্টর ও কোম্পানির মৌলিক ও টেকনিক্যাল বিশ্লেষণ সম্পাদন করবে;

(০৩) গবেষণার প্রয়োজনে রিসার্চ টিম কোম্পানির পক্ষ হতে সরেজমিনে বিভিন্ন কোম্পানি পরিদর্শন করতে পারবে;

(০৪) Wyckoff Method অনুযায়ী Stock Market Cycle এবং নির্বাচিত শেয়ারসমূহের Stock Cycle নির্ণয় করবে;

(০৫) রিসার্চ টিম ফান্ডামেন্টাল ও টেকনিক্যাল এনালইসিস এর ভিত্তিতে প্রতি সপ্তাহে বিনিয়োগযোগ্য এবং বিক্রয়যোগ্য সিকিউরিটিজের তালিকা, গবেষণা লব্ধ তথ্য উপাত্ত কোম্পানির ইনভেস্টমেন্ট কমিটি সমীপে উপস্থাপন করবে।

৫.৪ স্বার্থের দ্বন্দ্ব (Conflict of interest):

(০১) কমিটির প্রত্যেক সদস্য পেশাগত প্রতিশ্রুতি, বিশ্বস্ততা ও গোপনীয়তা এবং নৈতিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালন করবেন এবং নিজেদেরকে ও কমিটিকে স্বার্থের দ্বন্দ্বের উর্ধ্বে রাখবেন।

(০২) কমিটির কোন সদস্য কোম্পানির অনুমোদন ব্যতিরেকে তালিকাভুক্ত কোম্পানির পরিচালনা বোর্ডের সদস্য হিসেবে দায়িত্ব পালন অথবা ব্যবস্থাপনায় অংশগ্রহণ অথবা কোন তালিকাভুক্ত কোম্পানির ঐ পরিমাণ শেয়ার ধারণ করবেন না যা কোম্পানির ব্যবস্থাপনায় অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করে।

ষষ্ঠ অধ্যায়

বিনিয়োগ ও বিনিয়োগ প্রত্যাহার (Investment & Investment Withdrawal)

৬.১ প্রাইমারি মার্কেটে বিনিয়োগ:

(০১) প্রাইমারি মার্কেটে বিনিয়োগের সিদ্ধান্ত নেয়ার আগে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় নিয়ে ইনভেস্টমেন্ট কমিটি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর সুপারিশ ও প্রস্তাব উপস্থাপন করবে:

(ক) কোম্পানির শেয়ার প্রতি নীট অ্যাসেট ভ্যালু (রিভ্যালুয়েশন রিজার্ভসহ) (NAV per share with revaluatión reserve);

(খ) কোম্পানির শেয়ার প্রতি নীট অ্যাসেট ভ্যালু (রিভ্যালুয়েশন রিজার্ভ ব্যতীত) (NAV per share without revaluation reserve);

(গ) শেয়ার প্রতি আর্নিং বেইজড ভ্যালু (Earning based value per share);

(ঘ) পুঁজিবাজারে তালিকাভুক্ত সমজাতীয় সিকিউরিটিজ এর গড় বাজারমূল্য (Average market price of similar Listed stocks);

(ঙ) ইল্ড মেথড, ফেয়ার ভ্যালু মেথড এবং নেট অ্যাসেট মেথড (Yield method, Fair value method and Net asset method); এবং

(চ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নির্দেশিত অন্য যেকোন মেথড (Any other method advised by BSEC).

(০২) যে কোন ধরণের মিউচ্যুয়াল ফান্ডের (ওপেন এন্ড/ক্লোজড্ এন্ড) আইপিওতে বিনিয়োগ এর ক্ষেত্রে পরিচালনা বোর্ডের পূর্বানুমোদন বা কার্যোত্তর অনুমোদন নিতে হবে।

(০৩) বন্ডের অকশনে/প্রাইমারি সাবস্ক্রিপশনে অংশগ্রহণের ক্ষেত্রে ৬.৩ এর (০৪) এ উল্লেখিত বন্ডের মৌলিক বিশ্লেষণ বিবেচনায় নিতে হবে।

৬.২ সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগ (Investment in the Secondary Market):

(০১) কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিওর অনুকূলে পুঁজিবাজারে তালিকাভুক্ত বিভিন্ন ইক্যুইটি ইন্সট্রুমেন্ট, বন্ড, মিউচ্যুয়াল ফান্ড, এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড বা ETF, রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট ট্রাস্ট)REIT) ইত্যাদিতে বিনিয়োগ করতে হবে।

(০২) সিকিউরিটিজে বিনিয়োগ বা বিনিয়োগ প্রত্যাহারের জন্য পোর্টফোলিওর গঠন ও সম্পদ বরাদ্দ (অনুচ্ছেদ-৪.৩), মৌলিক বিশ্লেষণ (Fundamental Analysis) ও টেকনিক্যাল বিশ্লেষণ (Technical Analysis) সহ বর্ণিত নীতিমালা অনুসরণপূর্বক ইনভেস্টমেন্ট কমিটি কোম্পানি ও মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিওর অনুকূলে সেকেন্ডারি মার্কেট হতে সিকিউরিটিজ ক্রয়/বিক্রয় সংক্রান্ত সুপারিশ করবে;

(০৩) পোর্টফোলিওতে বৈচিত্র্য আনয়নের লক্ষ্যে একই সেক্টরের একাধিক কোম্পানি অথবা বিভিন্ন সেক্টর হতে Growth Potential রয়েছে এরূপ সম্ভাব্য কোম্পানিসমূহকে নির্বাচন করা;

(০৪) পিই রেশিও অস্বাভাবিক এবং নেগেটিভ গ্রোথ বিদ্যমান এরূপ কোম্পানির শেয়ার ক্রয় নিরুৎসাহিত করা হবে। তবে, পিই রেশিও বেশি হলেও কোম্পানির ব্যবসা সম্প্রসারণ, সরকারের পলিসি পরিবর্তন বা ভবিষ্যৎ সম্ভাবনা বিবেচনাপূর্বক ভালো রিটার্ন পাওয়ার পূর্বাভাস থাকলে বিনিয়োগের সিদ্ধান্ত বিবেচনা করা;

(০৫) অনিষ্পন্ন ক্ষতি (Unrealized Erosion) অর্থাৎ বাজারমূল্য অপেক্ষা গড় ক্রয়মূল্য বেশি রয়েছে পোর্টফোলিওতে ধারণকৃত সিকিউরিটিসমূহের গড় ক্রয়মূল্য কমিয়ে এনে বিনিয়োগ প্রত্যাহারের লক্ষ্যে এ সকল সিকিউরিটিজে প্রয়োজনবোধে এবং পরিকল্পনা মাফিক বিনিয়োগ করা;

(০৬) ভবিষ্যতে ব্যবসা সম্প্রসারণের সুযোগ রয়েছে তালিকাভুক্ত এরূপ কোম্পানিতে বিনিয়োগকে প্রাধান্য দেয়া;

(০৭) সর্বাপেক্ষা কম ঝুঁকি গ্রহণ করে সর্বাধিক মুনাফা অর্জনের লক্ষ্যকে সামনে রেখে ইনভেস্টমেন্ট কমিটি কর্তৃক বিনিয়োগ সংক্রান্ত সুপারিশ গ্রহণ করতে হবে।

(০৮) ইনভেস্টমেন্ট কমিটির সদস্যের মতামতের ভিত্তিতে বিনিয়োগ সংক্রান্ত সুপারিশ গৃহীত হবে, যা কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা এর অনুমোদনক্রমে চূড়ান্ত হবে।

৬.৩ মৌলিক বিশ্লেষণ (Fundamental Analysis):

(০১) মৌলিক বিশ্লেষণ (Fundamental Analysis) হলো সক্রিয় বিনিয়োগ কৌশলের (active investing strategy) একটি ধরণ যা বিভিন্ন কোম্পানির আর্থিক প্রতিবেদনসমূহ বিশ্লেষণের মাধ্যমে মানসম্পন্ন স্টকসমূহ নির্বাচনের কৌশল নির্দেশ করে। এক্ষেত্রে Dividend Discount Model, Free Cashflow Model, Residual Income Model ইত্যাদি মডেল অনুযায়ী ডাটা বিশ্লেষণের মাধ্যমে নির্দিষ্ট কোম্পানির স্টক এর একটি যুক্তিসঙ্গত মূল্য (Fair Price) বা অন্তর্নিহিত মূল্য (Intrinsic Value) নির্ণয় করে বিশ্লেষণাধীন সময়ে অতিমূল্যায়িত না অবমূল্যায়িত তা নিশ্চিত করতে হবে।

(০২) কোন সিকিউরিটিজ এর মৌলিক বিশ্লেষণের ক্ষেত্রে সর্বশেষ ০৫ (পাঁচ) বছরের আর্থিক বিবরণী বিবেচনায় নিয়ে এনালাইসিস সম্পন্ন করতে হবে। যেক্ষেত্রে কোম্পানি, মিউচুয়াল ফান্ড, বন্ড ইত্যাদির বয়স ০৫ (পাঁচ) বছরের কম সেক্ষেত্রে প্রযোজ্য সর্বাধিক বছরের আর্থিক বিবরণী এনালাইসিস করতে হবে।

(০৩) ইক্যুইটি সিকিউরিটিজ এর মৌলিক বিশ্লেষণের ক্ষেত্রে ইনভেস্টমেন্ট কমিটি নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে:

(ক) প্রাইস টু আর্নিং (P/E) অনুপাত (Price to Earning Ratio)

(খ) আপেক্ষিক (P/E) অনুপাত (Relative P/E Ratio)

তিন ধরনের আপেক্ষিক (P/E) অনুপাত ব্যবহার করা যেতে পারে:

(অ) মার্কেট এর সাপেক্ষে একটি নির্দিষ্ট কোম্পানির P/E (A particular company's PE relative to broad market)

(আ) সংশ্লিষ্ট সেক্টর এর সাপেক্ষে একটি নির্দিষ্ট কোম্পানির P/E (A particular company's PE relative to the relevant sector)

(ই) পিয়ার কোম্পানি এর সাপেক্ষে একটি নির্দিষ্ট কোম্পানির P/E (A particular company's PE relative to peer companies)

(গ) শেয়ার প্রতি নিট পরিচালন নগদ প্রবাহ [Net Operating Cash Flow per Share (NOCFPS)]

(ঘ) শেয়ার প্রতি আয়-বেসিক ও ডাইলুটেড [Earning per Share (EPS)- both basic and diluted]

এখানে উল্লেখ্য যে, জীবন বীমা কোম্পানিগুলো তাদের আয়ের স্বতন্ত্র প্রকৃতি (Unique nature) এর কারণে EPS গণনা করতে পারে না। এক্ষেত্রে EPS এর পরিবর্তে শেয়ার প্রতি বুক ভ্যালু বিবেচনা করা যেতে পারে।

(ঙ) লভ্যাংশ প্রদান অনুপাত [Dividend Payout Ratio (DPR)]

(চ) প্রফিটেবিলিটি এর প্রবৃদ্ধি এবং ধারা (Profitability growth and trend)

(ছ) ডিভিডেন্ড ঈল্ড [Dividend Yield (DY)]

(জ) নিট সম্পদ মূল্য [Net Asset Value (NAV)]

(ঝ) আর্নিংস্ ঈল্ড (Earnings Yield)

(ঞ) টার্নওভার ভেলোসিটি (Turnover Velocity)

(০৪) Debt সিকিউরিটিজ এর মৌলিক বিশ্লেষণের ক্ষেত্রে ইনভেস্টমেন্ট কমিটি নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে:

(ক) ইস্যুয়ার কোম্পানির ক্রেডিট রেটিং;

(খ) ইস্যুয়ার কোম্পানির মৌলিক বিশ্লেষণ ও লভ্যাংশ প্রদানের সক্ষমতা;

(গ) ইস্যু প্রাইস (Issue Price);

(ঘ) কুপন/ইন্টারেস্ট রেট (Coupon/Interest Rate);

(ঙ) মেয়াদ উত্তীর্ণের তারিখ (Date of Maturity);

(চ) ইল্ড টু ম্যাচুরিটি (Yield to Maturity);

(ছ) মানি মার্কেটে বিদ্যমান ইন্টারেস্ট রেট (Prevailing Money Market Interest Rate);

(জ) রিস্ক ফ্রি ইন্টারেস্ট রেট (Risk Free Interest Rate)।

৬.৪ টেকনিক্যাল বিশ্লেষণ (Technical Analysis)

(০১) টেকনিক্যাল বিশ্লেষণ-কে মৌলিক বিশ্লেষণের সম্পূরক কৌশল হিসেবে বিবেচনা করা হয়। টেকনিক্যাল বিশ্লেষণে স্টকের প্রাইস এবং ভলিউমের ডাটা বিশ্লেষণ করে বিভিন্ন চার্ট প্যাটার্ন, ইন্ডিকেটর এবং তত্ত্বের সাহায্যে প্রাইস মুভমেন্ট বা ট্রেন্ড সম্পর্কে পূর্বাভাস প্রদান করা হয়। উল্লেখ্য যে, মৌলিক বিশ্লেষণের মাধ্যমে উপযুক্ত বিনিয়োগযোগ্য সিকিউরিটিজসমূহ নির্বাচন করা হয় এবং টেকনিক্যাল বিশ্লেষণের মাধ্যমে বিনিয়োগের সময় বা বিনিয়োগ প্রত্যাহারের উপযুক্ত সময় নির্বাচন করা হয়।

(০২) টেকনিক্যাল এনালাইসিস এর ক্ষেত্রে ইনভেস্টমেন্ট কমিটি নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনা করবে:

(ক) মুভিং এভারেজ [Moving Average (MA)]

(খ) মুভিং এভারেজ ক্রস (MA Cross)

(গ) মুভিং এভারেজ কনভারজেন্স/ডাইভারজেন্স [Moving average convergence/divergence (MACD)]

(ঘ) মানি ফ্লো (Money Flow)

(ঙ) বুলিংগার ব্যান্ডস্ (Bollinger Bands)

(চ) রিলেটিভ স্ট্রেন্থ ইনডেক্স [Relative Strength Index (RSI)] এবং RSI Divergence

(ছ) অ্যাকুমুলেশন এন্ড ডিস্ট্রিবিউশন (Accumulation and Distribution)

(জ) সাপোর্ট এন্ড রেজিস্টেন্স (Support and Resistance Analysis)

(ঝ) ইলিয়ট ওয়েভ এনালাইসিস (Elliott Wave Analysis)

(ঞ) ফিবোনাচ্চি রেশিও এনালাইসিস (Fibonacci Ratio Analysis)

(ট) ট্রেন্ড এনালাইসিস (Trend Analysis)

(ঠ) অ্যাভারেজ ডিরেকশনাল ইনডেক্স (Average Directional Index)

৬.৫ শেয়ার ক্রয় (Share Buy): কোন সিকিউরিটিজ ক্রয়ের সিদ্ধান্ত নেয়ার সময় উপরোক্ত বিশ্লেষণসমূহের আলোকে শেয়ার ক্রয় করতে হবে। উপরন্তু, নিম্নোক্ত শর্তাবলী পরিপালন করতে হবে:

ক) মার্কেট প্রাইস বিগত ৫ বছরের Moving Average এর ১২০% বা ততোধিক হলে উক্ত শেয়ার ক্রয় করা যাবে না। তবে তালিকাভুক্তির পর ৫ বছর অতিক্রান্ত না হলে তালিকাভূক্তির শুরু হতে Moving Average বিবেচনায় নিতে হবে;

খ) অনুচ্ছেদ ৬.৩ অনুযায়ী নির্বাচিত সিকিউরিটিজসমূহের স্টক সাইকেল বিবেচনায় নিয়ে শুধুমাত্র Accumulation বা Markup Phase এ থাকা শেয়ারসমূহ ক্রয় করা যাবে। Stock Cycle নির্ণয়ের জন্য আইসিবি এএমসিএল এর রিসার্চ টিমের প্রতিবেদন অনুসরণ করতে হবে;

গ) সিকিউরিটিজ নির্বাচনের পর উক্ত সিকিউরিটিজ ক্রয়ের পূর্বে Short Term Support - Resistance বিবেচনায় নিতে হবে।

৬.৬ শেয়ার বিক্রয় (Share Sell): কোন সিকিউরিটিজ বিক্রয়ের সিদ্ধান্ত নেয়ার সময় নিম্নোক্ত বিষয়ে গুরুত্ব প্রদান করতে হবে:

ক) P/E Ratio যখন ৩০ এর বেশি হয়;

খ) শেয়ারের মূল্য ২ বছরের Moving Average অপেক্ষা ১৫০% এর বেশি হলে;

গ) কোন সিকিউরিটিজে বিনিয়োগ করার পর নিম্নোক্ত ক্ষেত্রসমূহে উক্ত শেয়ার লসে বিক্রয় এর বিষয়ে গুরুত্বসহকারে বিবেচনা করতে হবে:

১) পূর্ববর্তী ৩ বছর লভ্যাংশ প্রদান না করলে ;

২) মৌলভিত্তি অত্যন্ত দুর্বল হয়ে পড়লে, কোম্পানির অপারেশন বন্ধ বা ডি-লিস্টেড হওয়ার সম্ভাবনা দেখা দিলে;

৩) শেয়ারের মূল্য Stock Cycle এর Mark Down Phase চলে গেলে।

তবে, অনুচ্ছেদ ৬.৫ ও ৬.৬ এ যাহাই থাকুক না কেন, কোম্পানি বা মিউচ্যুয়াল ফান্ডসমূহের জরুরী তহবিলের প্রয়োজনে প্রধান নির্বাহী কর্মকর্তার পূর্বানুমোদন সাপেক্ষে যে কোন সিকিউরিটিজ বিক্রয় করা যাবে বা কোম্পানি/মিউচ্যুয়াল ফান্ডসমূহের স্বার্থে যে কোন শেয়ার ক্রয় করা যাবে। তবে, অনধিক ১৫ কার্যদিবসের মধ্যে অনু-৬.৫ এর বাইরে ৫.০০ কোটি বা ততোধিক টাকার একক কোম্পানির শেয়ার ক্রয় করলে তা পরবর্তী বোর্ড সভায় অবহিত করতে হবে।

সপ্তম অধ্যায়

বিবিধ

৭.১ পর্যালোচনা ও হালনাগাদকরণ (Review and Update):

(০১) এই নীতিমালায় অন্তর্ভুক্ত কোন বিষয়ে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন ও বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য রেগুলেটরের আইন, বিধি, প্রবিধি, ডিরেক্টিভ, নোটিফিকেশন, সার্কুলার জারী হলে, তা এই নীতিমালার ক্ষেত্রেও প্রযোজ্য হবে;

(০২) সময়ে সময়ে পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে এ নীতিমালা সংশোধন, পরিবর্তন, পরিমার্জন করা যাবে।

৭.২ তথ্যের গোপনীয়তা (Confidentiality of Information):

ইনভেস্টমেন্ট কমিটি, সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় টিম, বিনিয়োগ সংক্রান্ত কাজের সাথে সংশ্লিষ্ট কোম্পানির কোন কর্মকর্তা/কর্মচারি বিনিয়োগ সংক্রান্ত কোন তথ্য আইনগতভাবে জানার অধিকারভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান ব্যতীত অন্য কারো নিকট প্রকাশ করবে না।

৭.৩ শৃঙ্খলা/শাস্তিমূলক ব্যবস্থা (Disciplinary action):

পুঁজিবাজারে বিনিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিটি, কমিটির কোন সদস্য অথবা বিনিয়োগ সংক্রান্ত কাজের সাথে সংশ্লিষ্ট কোম্পানির কোন কর্মকর্তা/কর্মচারি এ নীতিমালা লঙ্ঘন করলে, নীতিমালা বহির্ভূত কোন কাজ সম্পাদন করলে তদন্ত সাপেক্ষে অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ২০২৪ মোতাবেক দন্ড আরোপ করা হবে অথবা প্রচলিত সরকারি আইন ও বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করা হবে।

৭.৪ রহিতকরণ ও হেফাজত (Repeal and Savings):

(০১) এ নীতিমালা কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গে Investment Policy & Guideline of Mutual Funds managed by ICB Asset Management Company Limited (IAMCL) রহিত হবে।

(০২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, রহিত নীতিমালার অধীনে কৃত কোন কর্ম, গৃহীত সুপারিশ, সিদ্ধান্ত, পরিকল্পনা, প্রদত্ত নির্দেশ, অনুমোদন এ নীতিমালার অধীনে কৃত, গৃহীত, প্রদত্ত, অনুমোদিত হয়েছে বলে গণ্য হবে।

ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED
(A Subsidiary of ICB)
Green City Edge (4th floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
E-mail: info@icbamcl.gov.bd; Web: www.icbamcl.gov.bd
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ০৯ বৈশাখ ১৪৩২
২২ এপ্রিল ২০২৫

প্রশাসনিক পরিপত্র নং-১০/২০২৫

পুঁজিবাজার উন্নয়নে কোম্পানির নিজস্ব ও এর ব্যবস্থাধীনে পরিচালিত মিউচ্যুয়াল ফান্ডসমূহের পোর্টফোলিওতে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নে কমিটিসমূহ নিম্নোক্তভাবে পুনর্গঠন/গঠন করা হলো:

কমিটির নাম	কমিটির সদস্যগণের নাম ও পদবি	পোর্টফোলিও
সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কমিটি-১	১। **জনাব মোঃ মুশফিকুর রহমান** উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা ২। **জনাব এইচ এম নাফিউর রহমান** সিনিয়র অফিসার	আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড আইসিবি এএমসিএল পেনশন হোল্ডারস ইউনিট ফান্ড বাংলাদেশ ফান্ড আইসিবি এএমসিএল কনভার্টেড ফার্স্ট ইউনিট ফান্ড ফনিক্স ফাইন্যান্স ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড আইসিবি এএমসিএল সিএমএসএফ গোল্ডেন জুবিলী মিউচ্যুয়াল ফান্ড আইএএমসিএল এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড
সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কমিটি-২	১। **জনাব মোঃ ইলিয়াস মিয়া** সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ২। **জনাব মোহাম্মদ নজরুল ইসলাম** সিনিয়র অফিসার	ফার্স্ট আইসিবি ইউনিট ফান্ড সেকেন্ড আইসিবি ইউনিট ফান্ড থার্ড আইসিবি ইউনিট ফান্ড ফোর্থ আইসিবি ইউনিট ফান্ড ফিফথ আইসিবি ইউনিট ফান্ড সিক্সথ আইসিবি ইউনিট ফান্ড সেভেনথ আইসিবি ইউনিট ফান্ড এইটথ আইসিবি ইউনিট ফান্ড আইসিবি এএমসিএল সেকেন্ড এনআরবি ইউনিট ফান্ড
সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কমিটি-৩	১। **জনাব মোঃ সাখাওয়াত হোসেন** সিস্টেম এনালিস্ট ২। **জনাব মেহেদী হাসান শোভন** অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার	আইসিবি এএমসিএল ইসলামিক ইউনিট ফান্ড আইএফআইএল ইসলামিক মিউচ্যুয়াল ফান্ড- ১
সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কমিটি-৪	১। **জনাব মোঃ মনোয়ারুল ইসলাম** সিনিয়র এক্সিকিউটিভ অফিসার ২। **জনাব মো: জয়নাল আবেদীন** সিনিয়র অফিসার	আইসিবি এএমসিএল ইউনিট ফান্ড আইসিবি এএমসিএল শতবর্ষ ইউনিট ফান্ড আইসিবি এএমসিএল সেকেন্ড মিউচ্যুয়াল ফান্ড আইসিবি এমপ্লয়ীজ প্রভিডেন্ট মিউচ্যুয়াল ফান্ড-১: স্কীম-১ প্রাইম ব্যাংক ফার্স্ট আইসিবি এএমসিএল মিউচ্যুয়াল ফান্ড আইসিবি এএমসিএল থার্ড এনআরবি মিউচ্যুয়াল ফান্ড আইসিবি এএমসিএল ফার্স্ট অগ্রনী ব্যাংক মিউচ্যুয়াল ফান্ড প্রাইম ফিন্যান্স ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড আইসিবি এএমসিএল সোনালী ব্যাংক লিঃ ফার্স্ট মিউচ্যুয়াল ফান্ড

চলমান পাতা-২

ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED
(A Subsidiary of ICB)
Green City Edge (4th floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
E-mail: info@icbamcl.gov.bd; Web: www.icbamcl.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

০২। **কমিটিসমূহের কার্যপরিধি:**

ক) পোর্টফোলিও ব্যবস্থাপনা সংক্রান্ত সিদ্ধান্ত/সুপারিশ গ্রহণের নিমিত্ত কমিটির সদস্যগণ মতবিনিময়, তথ্যের আদান-প্রদান, বিদ্যমান পোর্টফোলিওর অবস্থান, সিকিউরিটিজ এনালাইসিস রিপোর্ট ও বাজার বিশ্লেষণপূর্বক আবশ্যিকভাবে দৈনন্দিন ভিত্তিতে ইনভেস্টমেন্ট কমিটির সাথে সভা করবে এবং সিকিউরিটিজ ট্রেডিং কার্যক্রম পরিচালনা করবে। এক্ষেত্রে কমিটির সদস্যগণের উপস্থিতির রেকর্ড সংরক্ষণ করতে হবে;

খ) সপ্তাহের প্রথম কার্যদিবসে অ্যাকাউন্টস ডিপার্টমেন্ট কর্তৃক সরবরাহকৃত ফান্ডের অবস্থান পর্যালোচনা করে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় কার্যক্রম পরিচালনা করবে এবং ফান্ডসমূহের আয় ও NAV বৃদ্ধিতে সচেষ্ট থাকবে;

গ) কোম্পানির ইনভেস্টমেন্ট কমিটি বরাবর প্রয়োজন অনুযায়ী সুপারিশ/স্মারক উপস্থাপন করবে।

০৩। পরিপত্রটি অনতিবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০৪। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(রিফাত আনোয়ার)
অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ:
০১। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইএএমসিএল।
০২। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয়ের দপ্তর, আইএএমসিএল।
০৩। উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্টগণের দপ্তর, আইএএমসিএল।
০৪। সকল ডিপার্টমেন্ট/ইউনিট, আইএএমসিএল।
০৫। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):
০১। জ্যেষ্ঠতম কর্মকর্তা, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএএমসিএল।

ICB ASSET MANAGEMENT COMPANY LIMITED
(A Subsidiary of ICB)

Green City Edge (4th floor) 89, Kakrail, Dhaka-1000, Bangladesh.
E-mail: info@icbamcl.gov.bd; Web: www.icbamcl.gov.bd

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ২৪ বৈশাখ ১৪৩২ / ০৭ মে ২০২৫

প্রশাসনিক পরিপত্র নং-১১/২০২৫

কোম্পানির বিনিয়োগ নীতিমালা-২০২৫ অনুযায়ী পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত গবেষণার জন্য নিম্নোক্ত ০৭(সাত) সদস্যের সমন্বয়ে রিসার্চ টিম গঠন করা হলো:

১. জনাব মো: মুশফিকুর রহমান উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা আইডি নং-২০০৮১৯	টিম প্রধান
২. মিজ্ শারমিন জাহান সিনিয়র প্রিন্সিপাল অফিসার আইডি নং- ২০১৫০০২৭	সদস্য
৩. জনাব মো: মনোয়ারুল ইসলাম সিনিয়র এক্সিকিউটিভ অফিসার আইডি নং- ২০০৯১০	সদস্য
৪. জনাব মো: সাখাওয়াত হোসেন সিস্টেম এনালিস্ট আইডি নং- ২০০৯০৫	সদস্য
৫. জনাব মো: ইলিয়াস মিয়া সিনিয়র এক্সিকিউটিভ অফিসার আইডি নং- ২০০৪০১	সদস্য
৬. জনাব মো: নাজমুল ইসলাম প্রিন্সিপাল অফিসার আইডি নং- ২০১৫০০৮৯	সদস্য
৭. মিজ্ সেগুপ্তা নাছরিন জেরিন সিনিয়র অফিসার আইডি নং- ২০২৫০৫	সদস্য

রিসার্চ টিমের কার্যপরিধি:

(ক) রিসার্চ টিম পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণে সহায়তার নিমিত্ত বৈশ্বিক ও অভ্যন্তরীণ অর্থনৈতিক পরিস্থিতি ও নীতি নিয়ে গবেষণা সম্পাদন করবে;

(খ) বিভিন্ন সেক্টর ও কোম্পানির মৌলিক ও টেকনিক্যাল বিশ্লেষণ সম্পাদন করবে;

(গ) গবেষণার প্রয়োজনে রিসার্চ টিম আইসিবি অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড এর পক্ষ হতে সরেজমিনে বিভিন্ন কোম্পানি পরিদর্শন করতে পারবে; এবং

(ঘ) রিসার্চ টিম গবেষণা লব্ধ তথ্য সাপ্তাহিক ভিত্তিতে সিকিউরিটিজ এনালাইসিস ডিপার্টমেন্টের মাধ্যমে ইনভেস্টমেন্ট কমিটি ও প্রধান নির্বাহী কর্মকর্তা সমীপে উপস্থাপন করবে।

০২। আলোচ্য টিম প্রধান নির্বাহী কর্মকর্তা এবং ইনভেস্টমেন্ট কমিটি কর্তৃক সময়ে সময়ে যাচিত বিষয়াদির আলোকে প্রয়োজনীয় গবেষণা সম্পাদনপূর্বক ফলাফল উপস্থাপন করবে।

০৩। রিসার্চ টিম প্রয়োজনে সংশ্লিষ্ট যেকোনো বিষয়ে বিশেষজ্ঞ সহায়তা গ্রহণ করতে পারবে।

০৪। "কোম্পানির বিনিয়োগ নীতিমালা-২০২৫" এর আলোকে রিসার্চ টিম কার্যাদি সম্পাদন করবে।

০৫। ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

(রিফাত আনোয়ার)
অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ:
০১। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, আইএএমসিএল।
০২। অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তাদ্বয়ের দপ্তর, আইএএমসিএল।
০৩। উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্টগণের দপ্তর, আইএএমসিএল।
০৪। সকল ডিপার্টমেন্ট/ইউনিট, আইএএমসিএল।
০৫। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):
০১। জ্যেষ্ঠতম কর্মকর্তা, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএএমসিএল।